**HS/XI/A. Sc. Com/B/18**

**2018**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোনো **পাঁচটি**): ১ x ৫ = ৫

(ক) রাম কেবল _______ সংগ্রহের ভয়ে, সীতাকে নির্বাসিত করেছিলেন। (লোকনিন্দা/কলঙ্ক/লোকবিরাগ))

(খ) এই বলিয়া লক্ষ্মণের গলায় ধরিয়া, উচ্চৈঃ স্বরে _______ করিতে লাগিলেন রাম। (রোদন/ক্রন্দন/হাস্য)

(গ) _______ পড়া গেছে পৃথিবীর তিন ভাগ জল ও এক ভাগ স্থল। (ভূগোলে/ইতিহাসে/বাংলায়)

(ঘ) "আমরা জিজ্ঞাসা করলুম, রাত্রে আশ্রয় পাই কোথায়। তারা বললে, _____ । (হোটেলে/ডাকবাংলায়/পান্থশালায়)





(ঙ) —— পূজা সারিয়া তর্করত্ন দ্বিপ্রহর বেলায় বাটী ফিরিতেছিলেন। (গণেশ/জন্মতিথি/লক্ষ্মী)

(চ) পরদিন যথাস্থানে আবার মহেশকে দেখা গেল, সেই ——। (বাবলাতলায়/শিরিষতলায়/পাইনতলায়)

(ছ) অবশেষে —— গামী স্টীমার-ঘাটে একটা জাহাজে আশ্রয় নেওয়া গেল। (পাটনা/গয়া/গোয়ালন্দ)

২। *দু - একটি* শব্দ দ্বারা উত্তর দাও ঃ ( যে - কোনো **চারটি** ) ১ x ৪ = ৪

(ক) "না শুনে কাহারো কথা"। — কার কথা বলা হয়েছে?

(খ) "শ্রম-কিণাঙ্ক কঠিন যাদের নির্দয় মুঠি তলে"— 'কিণাঙ্ক' শব্দের অর্থ কি?

(গ) "বনের ব্যাঘ্র মরুর সিংহ বিবরের ফণী লয়ে"— বিবর শব্দের অর্থ কি?

(ঘ) "হয়তো বা হাঁস হ'ব"— এই ইচ্ছা কার?

(ঙ) 'আবার আসিব ফিরে' কবিতাটি কার লেখা?

(চ) 'পূর্বরাগ' শব্দের অর্থ কি?

৩। *দু-একটি* শব্দ দ্বারা উত্তর দাওঃ ( যে কোনো **তিনটি** ) ১ x ৩ = ৩

(ক) "সকলেই কি বেদ-উপনিষদ মুখস্থ রাখে"— বক্তা কে?

(খ) Trying to manage for weeks? কি manage করার কথা বলা হয়েছে?

(গ) "ভাল আছেন নি ছোট্‌- ঠাউর"— ছোট্‌ ঠাউরটি কে?

(ঘ) "উদ্‌বাস্তু" নাট্যাংশে মোহনদের বাড়ীর ঠিকানা কী?

(ঙ) "উদ্‌বাস্তু" নাট্যাংশটির লেখক কে?

৪। *দু-একটি* বাক্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২ x ৩ = ৬

(ক) গফুর বংশীর দোকানে কেন গিয়েছিল?

(খ) রামচন্দ্র কি কারণে সীতাকে বনবাসে নির্বাসন দিয়েছিলেন?

(গ) "জানকী! আজ বড়ো আনন্দের দিন"। আনন্দ কেন?

(ঘ) রবীন্দ্রনাথের সঙ্গে আর কে কে শিলং পর্বতে এসেছিলেন?

(ঙ) 'ভানুসিংহের পত্র' — কে কোথায় বসে লিখেছিলেন?

৫। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২ x ৫ = ১০

(ক) 'পূর্বরাগ' কবিতায় শ্রীরাধা একদৃষ্টিতে কি দেখছিলেন?

(খ) 'পূর্বরাগ' কবিতার ভণিতা অংশটি লেখ।





(গ) "তারাই গাহিল নব প্রেম গান ধরণী-মেরীর যিশু"—যিশুর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) 'জীবনবন্দনা' কবিতায় কবি যাদের বন্দনা করেছেন তাদের একটি কর্মের কথা উল্লেখ কর।

(ঙ) "সারা দিন কেটে যাবে কলমীর গন্ধ ভরা জলে ভেসে ভেসে"— অংশটি কোন কবিতার অংশ? কার সারাদিন কেটে যাবে?

(চ) 'আবার আসিব ফিরে' কবিতায় বাংলার কোন মাসের নাম এবং কোন উৎসবের কথা উল্লেখ আছে?

(ছ) "সেই ভাত যে এত নোনা— সেই ভাতে যে এত জ্বালা"— কথাটি কে, কখন বলেছিল?

(জ) "যার মায়-বইনে উপাস থাকে তার আবার লজ্জা।" মা বোনের উপোস থাকার কারণ কি?

৬। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— ৪ x ১ = ৪

(ক) "রামের আন্তরিক অসুখের সীমা ছিল না।"— রামের অসুখের কারণ সম্পর্কে তুমি কি জান?

(খ) "তাতে দেহ স্নিগ্ধ হল বটে, কিন্তু নির্মল হল বলতে পারিনে"— বক্তা কে? তিনি কেন এ কথা বলেছিলেন?

(গ) "এ হিঁদুর গাঁ, ব্রাহ্মণ জমিদার, সে খেয়াল আছে?"— বক্তা কে? তার এমন বক্তব্যের কারণ কি?

৭। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— ৮ x ১ = ৮

(ক) 'উদ্‌বাস্তু' নাটকে পণ্ডিত মশাইএর চরিত্র সংক্ষেপে আলোচনা কর। গণেশ বাবু পণ্ডিত মশাইকে যেভাবে অপমান করেছিলেন তা নিজের ভাষায় লেখ।

(খ) 'উদ্‌বাস্তু' নাটকের ষষ্ঠদৃশ্যের ঘটনাবলী নিজের ভাষায় আলোচনা কর।

(গ) 'উদ্‌বাস্তু' নাটকের বিষয়বস্তু আলোচনা কর।

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— ১০ x ১ = ১০

(ক) 'পূর্বরাগ' কবিতায় শ্রীরাধার পূর্বরাগ জনিত লক্ষণ গুলি আলোচনা কর।

(খ) 'জীবন- বন্দনা' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখ।

(গ) 'আবার আসিব ফিরে' কবিতায় কবির রূপসী-বাংলার প্রতি যে ভালোবাসা প্রকাশিত হয়েছে তা এই কবিতা অবলম্বনে বুঝিয়ে লেখ।

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১০ x ১ = ১০

(ক) সীতার-বনবাস গদ্যাংশ অবলম্বনে লক্ষ্মণ ও সীতার চরিত্র তোমার নিজের ভাষায় লেখ।

(খ) 'মহেশ' গল্প অবলম্বনে লেখকের সমাজ-সচেতনতার পরিচয় দাও।





(গ) 'ভানুসিংহের পত্র'— কার লেখা ? বোলপুর থেকে শিলং পৌঁছাতে লেখককে যেসব প্রতিকূল পরিস্থিতির মধ্যে দিয়ে যেতে হয়েছিল তার বিবরণ দাও।

১০। নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো ঃ — (যে কোনো **পাঁচটি**) ১ x ৫ = ৫

(ক) নির্মেঘ আকাশেও বৃষ্টি হচ্ছে। (যৌগিক বাক্যে)

(খ) যদি সাধনা না কর, সিদ্ধিলাভ হবে না। (সরল বাক্যে)

(গ) বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে। (জটিল বাক্যে)

(ঘ) কুবের চুপ থাকে। (নঞর্থক বাক্যে)

(ঙ) সে ভালোমানুষ নয়। (প্রশ্নবোধক বাক্যে)

(চ) কিন্তু অপূর্ব নড়িল না। (অস্ত্যর্থক বাক্যে)

(ছ) তাহার আর কেহ নাই (অস্ত্যর্থক বাক্যে)

১১। সাধু ভাষায় রূপান্তরিত কর : ৫

ভারতবর্ষের স্ত্রী জাতির উন্নতিতে স্বামীজীর পরিকল্পনাকে বাস্তবায়িত করতে ভগিনী নিবেদিতার আবির্ভাব ঘটেছিল। তাঁর উপার্জনের বৃহত্তম অংশ দরিদ্রদের জন্য ব্যয় করেছেন। বহু প্রয়োজনীয় সামগ্রী থেকে নিজেকে বঞ্চিত রেখে আর্ত দরিদ্রদের সেবায় তিনি নিজেকে উৎসর্গ করেছেন।

১২। (ক) নিম্নলিখিত প্রবাদ-প্রবচনগুলি দিয়ে অর্থপূর্ণ বাক্য রচনা কর (যে কোনো **পাঁচটি**) ঃ— ১ x ৫ = ৫

ঘঁটে পোড়ে গোবর হাসে, নাচতে না জানলে উঠোন বাঁকা, বারমাসে তের পার্বণ, জলে কুমীর ডাঙায় বাঘ, দশের লাঠি একের বোঝা।

(খ) নীচের বাগধারাগুলির অর্থ নির্দেশ কর (যে কোনো **পাঁচটি**) ঃ— ১ x ৫ = ৫

ডুমুরের ফুল, পাকাধানে মই, অষ্টরম্ভা, চোখে সর্ষে ফুল দেখা, কান পাতলা, চোখের বালি, আকাশ কুসুম।

১৩। তোমার বিদ্যালয়ে রবীন্দ্রজয়ন্তী অনুষ্ঠানের অভিজ্ঞতা জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ। ৫

১৪। ভাব সম্প্রসারণ কর ঃ— ৫

"যার ভয়ে তুমি ভীত, সে অন্যায় ভীরু তোমা চেয়ে,
যখনি জাগিবে তুমি তখনই সে পলাইবে ধেয়ে"

১৫। যে কোন **একটি** বিষয় অবলম্বন করে প্রবন্ধ রচনা কর। ১০

(ক) মেঘালয়ের প্রাকৃতিক সৌন্দর্য

(খ) জাতের নামে বজ্জাতি

(গ) কুসংস্কারের অভিশাপ

(ঘ) বাংলার উৎসব

★★★